

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ
নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-০৫/২০২৩-২০২৪

ময়মনসিংহ, ১১ জুলাই, মঙ্গলবার ২০২৩, ২৭ আষাঢ় ১৪৩০

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। দেশের ভাবমূর্তি ক্ষুন্ন হয় এমন কোনো সংবাদ প্রচার না করতে সাংবাদিকদের প্রতি আহ্বান প্রধানমন্ত্রীর
- ০২। বিশ্ব টিকাদান সপ্তাহ উপলক্ষ্যে ময়মনসিংহে এ্যাডভোকেসি সভা অনুষ্ঠিত
- ০৩। বাংলাদেশ পুলিশ ফুটবল চ্যাম্পিয়নশীপের ক-গ্রুপের খেলায় গুপ চ্যাম্পিয়ন ময়মনসিংহ
- ০৪। ময়মনসিংহ মেডিকলে ২৪ ঘণ্টায় ১৪ ডেঙ্গু রোগী ভর্তি, চালু হচ্ছে নতুন ওয়ার্ড

০১। দেশের ভাবমূর্তি ক্ষুন্ন হয় এমন কোনো সংবাদ প্রচার না করতে সাংবাদিকদের প্রতি আহ্বান প্রধানমন্ত্রীর

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের অগ্রযাত্রা ও ভাবমূর্তি ক্ষুন্ন হয় বা সমালোচিত হয় এমন কোনো সংবাদ প্রচার না করার জন্য সাংবাদিক সমাজের প্রতি আহ্বান জানিয়েছেন। সোমবার (১০ জুলাই) প্রধানমন্ত্রী তাঁর কার্যালয়ে অসুস্থ, অস্বচ্ছল ও আহত ৪৩৮ সাংবাদিক ও তাদের পরিবারের সদস্যদের মাঝে প্রায় ৩ কোটি ৪১ লাখ টাকার আর্থিক সহায়তার চেক বিতরণকালে এ কথা বলেন। তিনি আরো বলেন, গণমাধ্যম অবশ্যই সরকারের সমালোচনা করবে এবং স্বাধীনতা ভোগ করবে, তবে তা যথাযথ দায়িত্ববোধ ও কর্তব্যপরায়ণতার সাথে করা উচিত। সূত্র: দৈনিক স্বজন ও দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস।

০২। বিশ্ব টিকাদান সপ্তাহ উপলক্ষ্যে ময়মনসিংহে এ্যাডভোকেসি সভা অনুষ্ঠিত

জিরো ডোজ (বাদ পড়া) শিশু, আন্ডারইমিউনাইজড (আংশিক টিকাপ্রাপ্ত) শিশু এবং মিসডকমিউনিটি শনাক্ত করে টিকাপ্রাপ্তি নিশ্চিত ময়মনসিংহে বিশ্ব টিকাদান সপ্তাহ-২০২৩ উপলক্ষ্যে এ্যাডভোকেসি সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার (১০ জুলাই) সকালে ময়মনসিংহ স্বাস্থ্য বিভাগীয় কার্যালয় কনফারেন্স রুমে এবং পরিচালক (স্বাস্থ্য) এর কার্যালয়, সম্প্রসারিত টিকাদান কর্মসূচি (ইপিআই) এর আয়োজনে এ সভা অনুষ্ঠিত হয়। ময়মনসিংহ স্বাস্থ্য বিভাগের পরিচালক ডা. মো. শফিউর রহমান এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় ইউনিসেফ ময়মনসিংহের চিফ ফিল্ড অফিসার মো. ওমর ফারুক ও ময়মনসিংহ, শেরপুর, নেত্রকোনা ও জামালপুর সিভিল সার্জনসহ অন্যান্যরা বক্তব্য রাখেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ ও দৈনিক স্বজন।

০৩। বাংলাদেশ পুলিশ ফুটবল চ্যাম্পিয়নশীপের ক-গ্রুপের খেলায় গ্রুপ চ্যাম্পিয়ন ময়মনসিংহ

ময়মনসিংহ জেলা পুলিশ লাইন্স মাঠে অনুষ্ঠিত বাংলাদেশ পুলিশ ফুটবল চ্যাম্পিয়নশীপ-২০২২-২৩ এর ক-গ্রুপের খেলায় গ্রুপ চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে ময়মনসিংহ রেঞ্জ। গত ৫ জুলাই ২০২৩ তারিখ ময়মনসিংহ জেলা পুলিশ লাইন্স মাঠে চ্যাম্পিয়নশীপের গ্রুপ পর্যায়ের ক-গ্রুপের খেলা অনুষ্ঠিত হয়। ক-গ্রুপে অংশগ্রহণকারী ৫টি দল হচ্ছে ময়মনসিংহ রেঞ্জ, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, স্পেশাল ব্রাঞ্চ, এন্টি টেরোরিজম ইউনিট ও ইন্ডাস্ট্রিয়াল পুলিশ। চ্যাম্পিয়নশীপের পরবর্তী ধাপে তারা কোয়ার্টার ফাইনালে ঢাকায় গ্রুপ পর্যায়ে উত্তীর্ণ অন্যান্য দলের মোকাবেলা করবেন। সূত্র: দৈনিক আজকের ময়মনসিংহ।

০৪। ময়মনসিংহ মেডিকলে ২৪ ঘণ্টায় ১৪ ডেঙ্গু রোগী ভর্তি, চালু হচ্ছে নতুন ওয়ার্ড

গত ২৪ ঘণ্টায় ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে নতুন ডেঙ্গু আক্রান্ত রোগী ভর্তি হয়েছে ১৪ জন। এনিবে বর্তমানে হাসপাতালে ডেঙ্গু রোগীর সংখ্যা ৩১ জনে দাঁড়িয়েছে। এর মধ্যে পুরুষ রোগী ২১ জন, নারী রোগী ৯ জন এবং ১ জন শিশু রোগী। সোমবার (১০ জুলাই) সন্ধ্যা ৬টায় এই তথ্য জানিয়েছেন হাসপাতালের ডেঙ্গু বিভাগের ফোকাল পার্সন ডা. ফরহাদ হোসেন হীরা। এদিকে, ডেঙ্গু আক্রান্ত রোগীর সংখ্যা বাড়ার কারণে মঙ্গলবার (১১ জুলাই) থেকে আলাদা ওয়ার্ড চালু করা হয়েছে। সূত্র: দৈনিক আজকের ময়মনসিংহ ও দৈনিক ময়মনসিংহ প্রতিদিন।

সম্পাদকীয়

- (ক) **দৈনিক স্বজন:** দেশে উদ্বেগজনক হারে বাড়ছে ডেঙ্গুজ্বর আক্রান্তের সংখ্যা। গত বছরের একই সময়ে ডেঙ্গু আক্রান্ত রোগীর তুলনায় এবার রোগী বেড়েছে ছয়গুণ। কাজেই কর্তৃপক্ষ এখনই যথাযথ পদক্ষেপ না নিলে ডেঙ্গু পরিস্থিতি ভয়াবহ রূপ ধারণ করতে পারে।
- (খ) **দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস:** সরকারি একটি ওয়েবসাইট থেকে দেশের নাগরিকদের ব্যক্তিগত তথ্য ফাঁস হওয়ার যে অভিযোগ উঠেছে, তা কোনো হালকা বিষয় নয়। তথ্য ফাঁসে কোথাও কোনো ত্রুটি বা দুর্বলতা থাকলে তা দূর করতে হবে। নিতে হবে প্রয়োজনীয় সাইবার নিরাপত্তামূলক ব্যবস্থা। ভবিষ্যতে যেন এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি না ঘটে, সেজন্য এখনই সতর্কতামূলক ব্যবস্থা নিতে হবে।
- (গ) **দৈনিক স্বদেশ সংবাদ:** পরিবহন খাত থেকে শুরু করে ফুটপাথের ব্যবসা- সর্বত্রই চাঁদাবাজদের দৌরাত্ম্য। চাঁদাবাজি প্রায় প্রাতিষ্ঠানিক রূপ পেতে চলেছে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট প্রশাসনসহ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী দ্রুত পদক্ষেপ নেবে, এটাই কাম্য।

প্রবন্ধ/নিবন্ধ

- ০১। পরিকল্পিত জনসংখ্যা হটক আমাদের অঙ্গীকার-নীলকণ্ঠ আইচ মজুমদার (দৈনিক স্বজন)
- ০২। চামড়ার দাম ও বাজার ব্যবস্থাপনা- ড. মিহির কুমার রায় (দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস)
- ০৩। কেমন বিশ্ববিদ্যালয়ের স্বপ্ন দেখে মানুষ- ড. মোহাম্মদ আসাদুজ্জামান চৌধুরী (দৈনিক আজকের ময়মনসিংহ)

#

রিদওয়ান/রেজভী/সজিব/২০২৩/১০.৩০ ঘণ্টা।